

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখঃ ০৫/০১/২০২১ খ্রিঃ।


নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৫.০০১.১৮-১৬

বিষয়: কক্সবাজার পৌরসভাধীন ০৩ নং ওয়ার্ডের বিদ্যমান “পূর্ব নতুন বাহারছড়া” অংশটি উক্ত পৌরসভা হতে বাতিল করে
০২ নং ওয়ার্ডে অন্তর্ভুক্তকরণ বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ কক্সবাজার জেলার কক্সবাজার পৌরসভাধীন ০৩ নং ওয়ার্ডের পক্ষে জনৈক আবু শামা আজাদ ও অন্যান্য এর নিকট হতে প্রাপ্ত
২৫/১২/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কক্সবাজার পৌরসভাধীন ০৩ নং ওয়ার্ডের পক্ষে জনৈক আবু শামা আজাদ ও অন্যান্য
এর নিকট হতে প্রাপ্ত আবেদনপত্রের ছায়ািলিপি এতদসংঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রে বর্ণিত বিষয়ে মতামতসহ প্রতিবেদন
প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পাতা।


০৫.০১.২০২১
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

জেলা প্রশাসক
কক্সবাজার।

অনুলিপি:

- ০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। মেয়র, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।
- ০৪। জনাব আবু শামা আজাদ গং, ০৩ নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।

তারিখঃ ২৫ ডিসেম্বর ২০২০ খ্রীঃ।

বরাবরে,
মাননীয় সিনিয়র সচিব মহোদয়,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা,
বাংলাদেশ।

যুগ্মসচিব (পৌর)

২৭/১২/২০

১০৬/০৭

১৬০৭

২৭/১২/২০২০

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন
মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায়

বিষয় : ককসবাজার জেলার ককসবাজার পৌরসভার অন্তর্গত “পূর্ব নতুন বাহারছড়া” অংশটি থেকে বাদ দিয়ে একই পৌরসভার ২নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করার আবেদন।


মহাত্মন,


আবেদনকারী গণ উপরোক্ত পৌরসভার অন্তর্গত বিমান বন্দর সড়ক সংলগ্ন “পূর্ব নতুন বাহারছড়া”র অধিবাসী হই। ভৌগলিক ও ঐতিহ্যগত কারণে যুগ যুগ ধরে “পূর্ব নতুন বাহারছড়া” এলাকা সহ বিমান বন্দর সড়কের অববাহিকায় অবস্থিত বৃহত্তর নুনিয়াছড়ায় আমরা শান্তি শৃংখলা বজায় রেখে স্থানীয় ও জাতীয় ভাবে বিভিন্ন কার্যক্রম ও অনুষ্ঠানে অংশ গ্রহণ পূর্বক পরিবার পরিজন নিয়ে বসবাস করে আসছি। ককসবাজার শহরের প্রধান সড়কস্থ বিমান বন্দর সড়কের মাথা হতে একেবারে উত্তরে বাঁকখালী নদীর মোহনা পর্যন্ত এলাকা নিয়ে “নুনিয়াছড়া” গঠিত। তৎমধ্যে “পূর্ব নতুন বাহারছড়া” অংশটি “নুনিয়াছড়া”র সর্ব দক্ষিণে অবস্থিত। এমতাবস্থায় ককসবাজার পৌরসভার এলাকা সম্প্রসারণ কালে বর্ণিত পৌরসভায় ২নং ওয়ার্ড ও ৩নং ওয়ার্ডের সীমারেখা নির্ধারণের সময় “পূর্ব নতুন বাহারছড়া” অংশটি উদ্দেশ্য প্রণোদিত ভাবে ২নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত না করে ৩নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে। যার ফলে আমরা “পূর্ব নতুন বাহারছড়া” বাসীদের বর্ণিত পৌরসভা হতে বিভিন্ন নাগরিক সুযোগ সুবিধা পেতে নিদারুণ বেগ পেতে হচ্ছে। তা ছাড়াও ভৌগলিক কারণে ও বিভিন্ন স্থানীয় ও জাতীয় নির্বাচনে ভোটাধিকার প্রয়োগের সময় ভোট কেন্দ্রে সৃষ্ট ঝামেলা এড়াতে “পূর্ব নতুন বাহারছড়া” এলাকাটি বর্ণিত পৌরসভার ৩নং ওয়ার্ডের চেয়ে ২নং ওয়ার্ডে সম্পৃক্ত থাকার যৌক্তিক দাবী রাখে। কাজেই আমাদের “পূর্ব নতুন বাহারছড়া” এলাকাটি ৩নং ওয়ার্ড থেকে বাদ দিয়ে একই পৌরসভার ২নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করা মানবিক প্রয়োজন।

অতএব প্রার্থনা যে, আমাদের আবেদন খানা গ্রহণ করতঃ ককসবাজার পৌরসভার অন্তর্গত “পূর্ব নতুন বাহারছড়া” অংশটি ৩নং ওয়ার্ড থেকে বাদ দিয়ে একই পৌরসভার ২নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করলে মহোদয়ের প্রতি চির কৃতজ্ঞ থাকব।


নিবেদক-

“পূর্ব নতুন বাহারছড়া”র পক্ষেঃ

১। 

২। 

৩। 

৪। 

৫। Nasiruddin

৬।